দৈনিক বাংলা

তারিখ 24 SEP 1987
পৃষ্ঠা ... কলাম ...

000190

# ঢাকা ভার্সিটির ঐতিহ্য রক্ষা করা জাতীয় কর্তব্যঃ ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন যে এ বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষা করা সকলের জাতীয় কর্তব্য। আর সেই কর্তব্যবোধে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভিসি

(১-এর পৃঃ পর)

উদ্বুদ্ধ হয়েই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বর্তমানে বিভিন্ন শৃংখলা মূলক পদক্ষেপ গ্রহণ করছেন।

প্রফেসর মান্নান গতকাল বিকেলে তাঁর বাসভবনে বিভিন্ন সংবাদপত্র ও সংবাদ সংস্থার সম্পাদকদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারকালে একথা বলেন। তিনি সম্পাদকদের নিকট শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সাম্প্রতিক পদক্ষেপ সমূহ ব্যাখ্যা করেন। বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়।

ভাইস চ্যান্সেলর তাঁর বক্তৃতায় বলেন, কর্তৃপক্ষের দৃষ্টিতে দলমত নির্বিশেষে সকল ছাত্রের প্রধান পরিচয় তারা এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তাই এ সকল পদক্ষেপ গ্রহণে কর্তৃপক্ষ নিরপেক্ষ এবং দৃঢ়। সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে আমাদের ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে। প্রফেসর মান্নান গণমাধ্যমে জনমত সংগঠিত করে কর্তৃপক্ষকে সহায়তা করার জন্যে সম্পাদকদের ধন্যবাদ জানান।